প্রথম আলো

রোববার ৬ মে ২০০৭, ২৩ বৈশাখ ১৪১৪

সেমিনারে অভিযোগ

প্রবাসী-আয় পেতে নানা হয়রানি

বিদেশে কাজ করা বাংলাদেশি শ্রমিকেরা টাকা পাঠাতে ও দেশে তাঁদের পরিবারের সদস্যরা টাকা তোলার ক্ষেত্রে নানা সমস্যার সম্মুখীন হচ্ছেন। ফরম পূরণ করাতে, শাখা ও ব্যাংক হিসাবের নাম-নম্বর এবং যে শাখা থেকে টাকা ওঠানো হবে তার নাম লেখা বিষয়ে নানা জটিলতার সৃষ্টি হয়। টাকা তোলার সময় পরিবারের সদস্যরা নানা হয়রানিরও শিকার হন। ডাকে পাঠানো টাকা অনেক ক্ষেত্রে হারিয়ে যেতে পারে।

গতকাল শনিবার রাজধানীর ব্র্যাক সেন্টারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রিফিউজি অ্যান্ড মাইগ্রেটরি মুভমেন্টস রিসার্চ ইউনিট (রামরু) আয়োজিত 'বেটার ম্যানেজমেন্ট অব মাইগ্রেন্টস রেমিট্যান্স' শীর্ষক এক কর্মশালায় এসব কথা উঠে আসে। বেসরকারি উন্নয়ন সংস্থা মানুষের জন্য ফাউন্ডেশনের সহযোগিতায় কর্মশালায় বিভিন্ন ব্যাংকের কর্মকর্তারা অংশ নেন।

কর্মশালায় অভিবাসী শ্রমিকেরা ব্যাংকের মাধ্যমে টাকা পাঠাতে এবং তাঁদের পরিবারের সদস্যরা টাকা ওঠাতে যেসব সমস্যার সম্মুখীন হন, সে বিষয়ে অভিবাসীদের অভিজ্ঞতা তুলে ধরা হয়।

বাংলাদেশ ব্যাংকের রেমিট্যান্স ও পেমেন্ট প্রজেক্টের (আরপিপি) কর্মকর্তা আব্দুল হক বৈদেশিক মুদ্রা (রেমিট্যান্স) প্রবাহের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন মুদ্রা বদলকারী প্রতিষ্ঠান (এক্সচেঞ্জ হাউস) এবং অন্যান্য প্রতিষ্ঠানের বিভিন্ন সেবা ও সুবিধা তুলে ধরেন। একই সঙ্গে তিনি তাৎক্ষণিকভাবে টাকা দেওয়া (ইনস্ট্যান্ট ক্যাশ), বাড়ি বাড়ি গিয়ে (ডোর টু ডোর) সেবা, মোবাইল থেকে মোবাইলে সেবার মতো পদ্ধতিগুলো নিয়ে মতামত দেন।

ইসলামী ব্যাংকের উপনির্বাহী সভাপতি ও আন্তর্জাতিক ব্যাংকিং শাখার প্রধান মোহাম্মদ আবদুল মান্নান অভিবাসীদের ব্যাংকিং কার্যক্রমে সহায়তা দেওয়ার জন্য প্রতিনিধি নিয়োগ এবং দেশে উন্নত গ্রাহকসেবার ওপর সবচেয়ে বেশি গুরুত্ব দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. তাসনীম সিদ্দিকী কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন। একই বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. সি আর আবরারের সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনাম। ঢাকা, টাঙ্গাইল, কুমিল্লা ও চট্টগ্রামের স্থানীয় পর্যায়ের ব্যাংক কর্মীরা এ সময় বক্তব্য দেন। বিজ্ঞপ্তি।

THE News Today
Sunday, May 6, 2007



Speakers seen at a workshop on Better Management of Migration's Remittances in the city on Saturday.

The Daily Star

FOUNDER EDITOR
LATE S. M. ALI

DHAKA SUNDAY MAY 6, 2007

Better management of migrants' remittance stressed

A daylong training workshop titled 'Better Management of Migrants Remittance' was organised for the local level bank officials by the Refugee and Migratory Movements Research Unit (RMMRU) of Dhaka University (DU) with the support of Manusher Jonno Foundation in the city yesterday, says a press release.

Prof Tasneem Siddiqui of political science department of DU, presented the keynote paper on the overall migration scenario in Bangladesh and the contribution of remittance to the economy of Bangladesh.

Shaheen Anam, executive director of Manusher Jonno Foundation, attended the workshop as special guest.

The programme was presided over by Prof C R Abrar of international relations department of DU.

The workshop highlighted the remittance experiences of the migrants through banks at both sending and receiving ends.

A number of researches, conducted by RMMRU and presented in the workshop, stressed upon the problems that have constrained the remittances transaction.

Md Abdul Mannan, deputy executive president and head of International Banking Wing of Islami Bank Bangladesh Limited, suggested measures in reducing these problems.

He strongly recommended on appointing bank representatives at the sending countries and to provide more customer-friendly services to the remittance receiving families.

Andrew Hook, from the Remittance Payments Partnership (RPP) of Bangladesh Bank, discussed the services provided by different exchange houses and other agencies.

He also spoke about other methods that will have impact on future remittances flow such as Instant Cash, Door-to-door Services, Mobile to-Mobile Services, etc.

The participants of the workshop included bank officials from Dhaka, Tangail, Comilla and Chittagong.

Md Nazir Hossain, principal officer of Training Institute of Janata Bank, A K M Mosharraf Hossain, AGM of the International Department of Bangladesh Krishi Bank, and Md Nazrul Islam, AGM of F/C Management Division of Agrani Bank were among the other resource persons to conduct the training sessions.

নয়া দিগন্ত

ঢাকা, রোববার, ২৩ বৈশাখ ১৪১৪, ৬ মে ২০০৭

'বেটার ম্যানেজমেন্ট অব মাইগ্রেটস রেমিটেন্স' শীর্ষক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

স্থানীয় পর্যায়ে ব্যাঙ্ক কর্মকর্তাদের জন্য রিফিউজি অ্যান্ড মাইগ্রেটরি মুভমেন্টস রিসার্চ ইউনিট (রামরু) আয়োজিত এক কর্মশালা গতকাল শনিবার অনুষ্ঠিত হয়েছে। 'বেটার ম্যানেজমেন্ট অব মাইগ্রেটস রেমিটেন্স' শীর্ষক দিনব্যাপী এ কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড.তাসনিম আরেফা সিদ্দিকী। বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. সি আর আবরারের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনাম।

কর্মশালায় অভিবাসী শ্রমিকরা ব্যাঙ্কের মাধ্যমে রেমিটেন্স পাঠাতে এবং তাদের পরিবার রেমিটেন্স গ্রহণ করতে যে সব সমস্যার সম্মুখীন হন সেসব বিষয়ের প্রতি আলোকপাত করা হয়। এতে বক্তাদের মধ্যে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের উপনির্বাহী সভাপতি ও আন্তর্জাতিক ব্যাঙ্কিং শাখার প্রধান মোহাম্মদ আবদুল মান্নান অভিবাসীদের ব্যাঙ্কিং কার্যক্রমে সহায়তা প্রদানে প্রতিনিধি নিয়োগ এবং উন্নত গ্রাহকসেবার ওপর গুরুত্ব আরোপ করেন। কর্মশালায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জনতা ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটের প্রিন্সিপাল অফিসার মোহাম্মদ নাজির হোসেন, কৃষি ব্যাংকের সহকারী মহাব্যবস্থাপক মোহাম্মদ এ কে এম মোশাররফ হোসেন ও অগ্রণী ব্যাংকের সহকারী মহাব্যবস্থাপক মোহাম্মদ নজরুল ইসলাম।